মেহেরপুর উপজেলা পরিষদ ভাইসচেয়ারম্যান পদের উপনির্বাচনের প্রতীক বরাদ্দ

মেহেরপুর সদর উপজেলা পরিষদের ভাইসচেয়ারম্যান পদের উপনির্বাচনের প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ দেওয়া হয়েছে।
আজ শুক্রবার (৮ জুলাই) সকাল ১০ টার দিকে মেহেরপুর জেলা নির্বাচন অফিসার ও সদর উপজেলা পরিষদ উপনির্বাচনের রিটানির্ং অফিসার আবু আনছার প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ দেন।

মেহেরপুর জেলা যুবলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব নিসান সাবের মাইক প্রতীক , জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক শামীম উদ্দীন (টিউওয়েল প্রতীক), আওয়ামীলীগ নেতা আবুল হাসেম (চশমা প্রতীক) ও আলফাজ উদ্দীন (তালা প্রতীক) পেয়েছেন।

এদিকে প্রতীক বরাদ্দের পরপরই প্রার্থীরা তাদের কর্মী সমর্থকদের নিয়ে নির্বাচনী ময়দানে ভোট যুদ্ধে নেমে পড়েছেন।
উপনির্বাচনের রিটানির্ং অফিসার আবু আনছার জানান ভাইসচেয়ারম্যান পদের প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ দেয়া সম্পন্ন হয়েছে।
উৎসবমুখর পরিবেশে অবাধ , নিরপেক্ষ ও শান্তিপূর্ণ পরিবেশে ভোট গ্রহণের জন্য সব ধরণের প্রস্তুতি গ্রহণ করছে নির্বাচন কমিশন।

উল্লেখ্য , গত ১৫ জুন মেহেরপুর উপজেলা ভাইসচেয়ারম্যান মোমিনুল ইসলাম পদত্যাগ করে নবগঠিত বারাদী ইউনিয়ণ পরিষদের চেয়ারম্যান পদের প্রার্থী হওয়ায় এই পদটি শুণ্য ঘোষণা করে নির্বাচনী তফশীল ঘোষণা করেন নির্বাচন কমিশন।
আগামী ২৭ জুলাই মেহেরপুর সদর উপজেলা ভাইসচেয়ারম্যান উপনির্বাচন অনুষ্ঠিত হবে।